



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৭.২৩.১২৮

তারিখ: ২৯ মাঘ ১৪৩০

১২ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৫৮৩৯/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৫৮৩৯/২০২৩-এর ০২/০১/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা পৌরসভা দোকান বরাদ্দ কমিটির নভেম্বর/২০২৩ সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব কাজী মনোয়ারুল হক, পিতা-মৃত কাজী এশরাবুল হক, গ্রাম-মুনজিত পুর, ওয়ার্ড নং-০২, সাতক্ষীরা পৌরসভা-কে দোকান নং ৪৭৪/৪৬৪ (তফশিল: মৌজা-পলাশপোল, খতিয়ান নং-এস.এ ৩২/৩৬, দাগ-১২২৫১/১৪৪৯৯) সাময়িক বরাদ্দ প্রদান করা হয়। ফলে পিটিশনার জনাব মো. আব্দুল হান্নান সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৫৮৩৯/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থিতাবস্থা বজায় রাখার আদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং মেয়র, সাতক্ষীরা পৌরসভা-কে ৪নং প্রতিপক্ষসহ মোট আট জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫৮৩৯/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8371/potrojariAttachmentRef/52842/0/2240)

১২-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

মেয়র, সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরা


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৭.২৩.১২৮/১(৫)

তারিখ: ২৯ মাঘ ১৪৩০

১২ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)